আলমডাঙ্গার ‘স্মৃতিস্তম্ভ-৭১’ সংস্কারের দাবি

আলমডাঙ্গার বীর মুক্তিযোদ্ধাদের আত্মত্যাগের স্মারক হিসেবে পরিচিত ‘স্মৃতিস্তম্ভ-৭১’। সরেজমিনে দেখা গেছে, স্মৃতিস্তম্ভটির গায়ে খোদাই করা বীর মুক্তিযোদ্ধাদের নামের অধিকাংশই এখন মলিন হয়ে প্রায় মুছে গেছে। স্তম্ভের চূড়ায় অঙ্কিত জাতীয় পতাকার রংও বিবর্ণ হয়ে পড়েছে। দীর্ঘদিন ধরে সেখানে থাকা আলোকসজ্জার বাতিটিও অচল অবস্থায় রয়েছে। ফলে রাতের বেলায় স্মৃতিস্তম্ভটি অন্ধকারে ঢাকা পড়ে থাকে।

স্থানীয় সচেতন মহলের মতে, প্রতিদিন এই পথ দিয়ে রাজনৈতিক নেতা, জনপ্রতিনিধি, বিভিন্ন সামাজিক সংগঠনের প্রতিনিধি ও অসংখ্য মানুষ চলাচল করলেও স্মৃতিস্তম্ভটির করুণ অবস্থার দিকে কার্যকর কোনো উদ্যোগ চোখে পড়েনি। ফলে মুক্তিযুদ্ধের স্মৃতি বহনকারী এই গুরুত্বপূর্ণ স্থাপনাটি ধীরে ধীরে হারাচ্ছে তার ঐতিহাসিক গুরুত্ব ও সৌন্দর্য।

অনেকেই মনে করেন, জাতির শ্রেষ্ঠ সন্তানদের স্মরণে নির্মিত একটি স্মৃতিস্তম্ভের এমন অবস্থা শুধু অবহেলারই নয়, বরং মুক্তিযুদ্ধের ইতিহাস ও চেতনার প্রতিও এক ধরনের উদাসীনতার বহিঃপ্রকাশ।

সচেতন মহলের দাবি, দ্রুত স্মৃতিস্তম্ভটির সংস্কার, পুনরায় নামফলক দৃশ্যমান করা, জাতীয় পতাকার রং নবায়ন এবং পর্যাপ্ত আলোকসজ্জার ব্যবস্থা করা হোক।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি স্থানীয় বাসিন্দাদের আহ্বান, মহান মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাসের স্মারক ‘স্মৃতিস্তম্ভ-৭১’- কে যথাযথ মর্যাদায় সংরক্ষণ ও সংস্কারের উদ্যোগ গ্রহণ করা হোক, যাতে ভবিষ্যৎ প্রজন্ম মুক্তিযোদ্ধাদের আত্মত্যাগ ও বীরত্বের ইতিহাস থেকে অনুপ্রেরণা নিতে পারে।

মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতি নির্বাচনের প্রতীক বরাদ্দ

মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির ত্রি-বার্ষিক নির্বাচনের চূড়ান্ত প্রার্থী তালিকা ও প্রতীক বরাদ্দ প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন হয়েছে।

গতকাল বুধবার রাতে বড় বাজার ব্যবসায়ী সমিতির কার্যালয়ে এই প্রতীক বরাদ্দ কার্যক্রম অনুষ্ঠিত হয়। নির্বাচনের প্রতিটি পদের প্রার্থীদের নাম ও প্রতীক তালিকা প্রকাশ করা হয়েছে।

নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক মোঃ আব্দুস সালাম, সদস্য মাহবুবুল হক মন্টু ও মাহাবুব চান্দু এ চূড়ান্ত প্রার্থী তালিকা ও প্রতীক বরাদ্দ করেন। তালিকায় সভাপতি পদ থেকে শুরু করে বিভিন্ন পদের প্রার্থীদের নাম এবং তাদের বরাদ্দকৃত প্রতীক উল্লেখ করা হয়েছে।

সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীরা হলেন মো: মনিরুজ্জামান দিপু (প্রতীক: সাইকেল) ও আবু ইউসুফ মিরন (প্রতীক: ছাতা)। সিনিয়র সহ-সভাপতি পদের মোহাম্মদ মোস্তাফিজুর রহমান টোটন (গরুর গাড়ী) ও বাবলু রহমান (টেলিভিশন), সহ-সভাপতি পদে মোঃ শাহিন মল্লিক (মই) ও রায়হান কবির (দেয়াল ঘড়ি), সাধারণ সম্পাদক পদে মোঃ মেহেদী হাসান মিলন (চেয়ার), সোহেল আহম্মেদ (হরিণ) ও শহিদুল ইসলাম (মটর সাইকেল), সিনিয়র যুগ্ম সম্পাদক পদে মোঃ ইবনে সাদাত তুষার (ফুটবল) ও তাজুল ইসলাম (মাছ), যুগ্ম সম্পাদক পদে আলমগীর বাদশা শিল্টন (গোলাপ ফুল) ও মানিক হোসেন (উড়োজাহাজ), সাংগঠনিক সম্পাদক পদে মোঃ শাহিনুল ইসলাম শাহীন (তালা চাবি) ও সামসুল আযম লিল্টু (হাতপাখা), কোষাধ্যক্ষ পদে মোহাম্মদ কামাল হোসেন (খেজুর গাছ) ও সাহেদুজ্জামান রিপন (হাতপাখা), দপ্তর সম্পাদক পদে মোঃ শফিউল আলম শিল্টু (মোবাইল) ও আব্দুস সালাম (কুঁড়েঘর), প্রচার সম্পাদক পদে মোঃ সাইদুর রহমান সাঈদ (কবুতর) ও এস. এ খান শিল্টু (বাস), ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক পদে মোহাম্মদ রকিবুজ্জামান জনি (প্রজাপতি) ও ইমাদুল হক (ডাব), ধর্ম বিষয়ক সম্পাদক পদে মোঃ হারুন অর রশিদ হিরা (মিনার) ও আব্দুল

লতিফ (ফুলদানি), সাংস্কৃতিক ও নাট্য সম্পাদক পদে মোঃ রেমিম (কুলা) ও এমদাদুল ইসলাম (চশমা), গ্রন্থনা ও প্রকাশনা সম্পাদক পদে মোহাম্মদ সাদেকুজ্জামান খান (কাপ পিরিস) ও মাকসুদুর রহমান রুমন (বই) প্রতীক পেয়েছেন। সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক পদে মোহাম্মদ জিয়ারুল ইসলাম ও প্রহরা বিষয়ক সম্পাদক পদে মোঃ আজগর আলী সুমন বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন।

এছাড়াও সদস্য পদে মোহাম্মদ মিজানুর রহমান মিল্টন (সিলিং ফ্যান), মোঃ রাকিব হোসেন (ট্রাক), মোঃ হামিদুল ইসলাম (ক্রিকেট ব্যাট), মোঃ ওবাইদুল ইসলাম (টিউবওয়েল), রাজন আহম্মেদ (কলস), মোঃ জয়নাল আবেদীন (হাঁস), মোঃ হামিদুল ইসলাম (বালতি), মোঃ আব্দুল জব্বার (ঘোড়া), মোঃ নাজমুল ইসলাম (আনারস) ও মোঃ রবিউল ইসলাম (পানির বোতল) প্রতীক পেয়েছেন।

নির্বাচনের মাধ্যমে ব্যবসায়ী সমিতির নতুন নেতৃত্ব গঠন করা হবে, যা মেহেরপুর বড় বাজারের উন্নয়ন ও ব্যবসায়িক পরিবেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

মেহেরপুরে দুইটি আসনে প্রতীক পেলেন ১৩ প্রার্থী

মেহেরপুরে দুইটি সংসদীয় আসনে ১৩ প্রার্থীর মাঝে প্রতীক বরাদ্দ করেছেন জেলা রিটার্নিং কর্মকর্তা ও জেলা প্রশাসক শামীম হাসান। ১৩ জনের মধ্যে ১০ জনকে দলীয় প্রতীক দেওয়া হয় এবং স্বতন্ত্র তিন জন তাদের নিজের পছন্দের প্রতীক আবেদন করলে তা বরাদ্দ দেওয়া হয়।

সোমবার সকাল ১১ টার দিকে মেহেরপুর-১ (সদর-মুজিবনগর) আসনে প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ দেওয়া হয়। এসময় আওয়ামী লীগ মনোনীত প্রার্থী ফরহাদ হোসেনকে (নৌকা), জাতীয় পার্টি মনোনীত প্রার্থী আব্দুল হামিদকে (লাঙ্গল), এনপিপি তরিকুল ইসলামকে (আম), সাংস্কৃতিক মুক্তিজোটের প্রার্থী বাবলু জোমকে (ছড়ি), স্বতন্ত্র সংসদ সদস্য প্রার্থী প্রফেসর আব্দুল মান্নানকে (ট্রাক) ও জয়নাল আবেদীনকে (ঈগল পাখি) প্রতীক বরাদ্দ দেওয়া হয়।

[illegible]

[illegible]

[illegible]